দৈনিক ইনকিলাব

তারিখ ... 18 NOV 1998 ...
পৃষ্ঠা: ৩ কলাম ... ৩ ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের গ্রুপ উপগ্রুপে রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের বিবদমান কয়েকটি গ্রুপ-উপগ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকায় ছাত্র-ছাত্রীরা শংকিত হয়ে পড়েছে। বিগত ৫ দিন যাবত গ্রুপগুলোর মধ্যে বিক্ষিপ্ত হামলা ও পাল্টা হামলা অব্যাহত রয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের অন্তত ৪টি গ্রুপ-উপগ্রুপ সক্রিয় রয়েছে। আগামী ২১ নভেম্বরের মধ্যে সংগঠনের সম্মেলন সম্পন্ন করার জন্য কেন্দ্রীয় নির্দেশের পরিপ্রেক্ষিতে স্ব স্ব গ্রুপের নেতারা তৎপর হয়ে উঠেছে। এক গ্রুপ আরেক গ্রুপকে ক্যাম্পাসে নেতৃত্ব দিতে নারাজ। গত শুক্রবার সন্ধ্যায় এক গ্রুপের কয়েকজন নেতা ক্যাম্পাসে উপস্থিত হলে শাহ আমানত হলের সামনে দুই উপগ্রুপের মধ্যে হাতাহাতি হয়। এ ঘটনার কিছুক্ষণ পর শাহজালাল হলের সামনে ফাঁকা গুলীবর্ষণ করে প্রতিপক্ষ শক্তির জানান দেয়। গত শনিবার দুই উপগ্রুপ ক্যাম্পাসে নিজ নিজ শক্তি নিয়ে উপস্থিত হয়। বেলা ১১টার দিকে পুলিশ জারুলতলা ও সংলগ্ন এলাকা থেকে কয়েকজনকে গ্রেফতারের চেষ্টা করে। এ সময় পুলিশের সঙ্গে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এক পর্যায়ে পুলিশ কয়েক রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে। সর্বশেষ গত সোমবার ক্যাম্পাসে বিবদমান দুই উপগ্রুপের মধ্যে দুই দফা হাতাহাতি ও ধাওয়া-পাল্টা ধাওয়া হয়।

হরতাল না করার প্রধানমন্ত্রীর ঘোষণাকে স্বাগত জানিয়ে মিছিলের নেতৃত্ব দানকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে। বর্তমানে ছাত্রলীগের গ্রুপসমূহের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। প্রতিপক্ষের যে কোন হামলা মোকাবিলায় স্ব স্ব গ্রুপ নেতারা সর্বোচ্চ সতর্কাবস্থায় রয়েছে বলে ক্যাম্পাস ও পুলিশ সূত্র জানায়। ক্যাম্পাসে শতাধিক পুলিশ অবস্থান নিয়েছে।